

স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ সুন্নত ও নফল নামায রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

নফল নামায বিনা ওজরে বসে পড়াও বৈধ

ইতিপূর্বে আলোচিত হয়েছে যে, সক্ষম হলে ফরয নামায দাঁড়িয়ে পড়া ফরয। কিন্তু নফল নামায ক্ষমতা থাকতেও বসে পড়াও বৈধ। যদিও বসে নামায পড়ার সওয়াব দাঁড়িয়ে নামায পড়ার সওয়াবের অর্ধেক। মহানবী (ﷺ) বলেন, "বসে নামায পড়ার সওয়াব অর্ধেক নামাযের বরাবর।" (বুখারী, মিশকাত ১২৪৯নং)

বরং নফল নামায চিৎ হয়ে শুয়েও পড়া যায়। তবে এ অবস্থায় বসে পড়ার অর্ধেক সওয়াব হবে। মহানবী (ﷺ) বলেন, "আর শুয়ে নামায পড়ার সওয়াব বসে নামায পার অর্ধেক।" (বুখারী ১১১৬নং, আলমুমতে', শারহে ফিক্হ, ইবনে উষাইমীন ৪/১১৩-১১৪)

নফল নামাযের কিছু অংশ দাঁড়িয়ে এবং কিছু অংশ বসে পড়া যায়। বরং একই কিয়ামের কিছু অংশ দাঁড়িয়ে এবং কিছু অংশ বসে কিরাআত করা যায়। তাতে কিয়ামের প্রথম অথবা শেষ অংশ বসে হলেও কোন দোষাবহ্ নয়। হযরত আয়েশা (রাঃ) বলেন, 'তিনি বসে কিরাআত করতেন। অতঃপর রুকু করার ইচ্ছা করলে উঠে দাঁড়িয়ে যেতেন।' (মুসলিম, সহীহ ৭৩১নং)

মা আয়েশা (রাঃ) বলেন, 'রাতের নামাযে আমি নবী (ﷺ) কে বসে কিরাআত করতে দেখিনি। অতঃপর তিনি যখন বার্ধক্যে উপনীত হলেন, তখন তিনি বসে কিরাআত করতেন। পরিশেষে যখন ৪০ বা ৩০ আয়াত বাকী থাকত, তখন তিনি খাড়া হয়ে তা পাঠ করতেন। অতঃপর (রুক্) সিজদা করতেন।' (মুসলিম, সহীহ ৭৩১নং, আহমাদ, মুসনাদ, সুনানু আরবাআহ (আবূ দাউদ, তিরমিয়ী, নাসাঈ ও ইবনে মাজাহ্)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3010

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন